বাল্য বিয়ে পড়িয়ে কাবিননামা না দেওয়ার পায়তারা

দামুড়হুদায় বহুল আলোচিত কুতুব কাজী মোটা অংকের টাকার বিনিময়ে জয়রামপুর গ্রামের মাঠ পাড়ার আহার আলীর নাতনী সানজিদা খাতুন (১৫) ৭ম শ্রেণীর ছাত্রীর সাথে একই গ্রামের জয়রামপুর মাঠপাড়ার ডালুর ছেলে স্বাধীন(২০) সাথে ২ লক্ষ টাকা দেনমহরে বাল্য বিবাহ দেন। গত ৭ই নভেম্বর ২০ইং তারিখে কুতুব কাজীর বাড়িতে বসে এ বিবাহ দেওয়া হয় (যার ভিডিও রয়েছে)। স্বাধীন তার স্ত্রীকে নিয়ে দেড় মাস সংসার করার পর স্বাধীনসহ তার পরিবারের লোকজনের অত্যাচারে সানজিদা বাবার বাড়িতে চলে যায়।

এখন স্বাধীন ও তার পরিবারের লোকজন বলতে থাকে সানজিদার সাথে স¦◌াধীন বিয়ে করেনি। পরে সানজিদা খাতুন বাদি হয়ে চুয়াডাঙ্গা কোটে স্বাধীনের বিরোধে মামলা দায়ের করে। কোট বিয়ের কাবিননামা দেখতে চাইলে সানজিদার পরিবার কুতুর কাজীর নিকট কাবিনামা চাইলে কাজী বিয়ে দেওয়ার কথা অস্বীকার করে। এ দিকে কুতুব কাজীকে স্বাধীনের পরিবার ম্যানেজ করায় কুতুব কাজী অস্বীকার করে বলে আমি বিয়ে পড়ানি।

অথচ কাজী যখন বিয়ে পড়ায় তখন ভিডিও করে রাখে মেয়ে পক্ষের লোকজন। কুতুব কাজীর লম্বা হাত হওয়ায় ভিডিওকে তোয়ক্কা না করেই অস্বীকার করতে থাকে। কাবিনামা না দেওয়ার পায়তারা চালিয়ে আসছে চতুর এ কাজী সাহেব। এক দিকে স্বাধীন সানজিদাকে বিয়ে করে দেড় মাস সংসার করে বিয়ের কথা অস্বীকার করছে, অন্য দিকে কাজী সাহেব বিয়ের কাবিননামা না দেওয়ার পায়তারা করছে।
তাই সানজিদার অধিকার বিয়ের কাবিনামা উদ্ধারসহ স্বাধীন ও কুতুব কাজীকে আইনের আওতায় আনবেন প্রসাশন এমটিই চাওয়া ভোক্তভোগি মহলের।

সানজিদার খালা সালমা বেগম জানান, আমার বোনের মেয়ে সানজিদাকে একজনের বাড়ি নিয়ে গিয়ে নষ্ট করে। পরে একই গ্রামের তাহাজ্জত মোড়ল স্বাধীন ও সানজিদার সাথে বিয়ে দিয়ে মীমাংসা করে। এখন গ্রামের মোড়ল তাহাজ্জত বলছে তাদের বিয়ে হয়নি। স্বাধীন কোটে বলেছে আমি বিয়ে করিনি। কুতুব কাজী বলেছে ছেলে মেয়ের বয়স হয়নি আমি কাবিনামা দিব না আপনারা যা পারেন তাই করে নেন। আমরা এখন মেয়েকে নিয়ে অসহায়

হয়ে পড়েছি।

কুতুব কাজী বলেন, আমি বিয়ে পড়িয়েছি আপনাদের কাছে ভিডিও আছে তাই কি হয়েছে আমি তাদের কাবিনামা দিব না। আপনারা যা পারেন তাই করেন।

একই গ্রামের নেতা তাহাজ্জত আলি বলেন, তাদের তো বিয়ে হয়নি। বিয়ে হয়নি তো দেড় মাস সংসার করলো কিভাবে এমন প্রশ্ন করলে তিনি জানান- আমি জানিনা।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল খালেক জানান, তারা অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনায় গাঁজাসহ আটক-২

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৩ কেজি গাঁজাসহ ২ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল রাত সাড়ে ৯ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে দর্শনা থানাধীন জিরাট গ্রামের মোঃ কাদের আলীর বসত বাড়ির উঠান হতে ০৩ (তিন) কেজি গাঁজাসহ ২ জনকে আটক করা হয।

আসামি হলো ০১ মোঃ হাসান আলী (২৪), পিতা-মোঃ কাদের আলী, গ্রাম জিরাট (মাঝ পাড়া), ০২ মোঃ আশরাফুল ইসলাম (৩৫) ও পিতা- মৃত শুকুর আলী, গ্রাম জিরাট (স্কুল পাড়া) হতে আটক করা হয়। আসমি উভয়ই চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার বাসিন্দা।

পুলিশ জানায় গ্রেফতারকৃত আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার না করায় জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত দুই ব্যবসায়ীকে জরিমানা করেছে। পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার না করার অপরাধে গতকাল বুধবার বিকেলে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এই অভিযান পরিচালনা করেন।

জানাগেছে, আলমডাঙ্গার আনন্দধাম রোডে দুইটি ব্যবসা প্রতিষ্ঠানে পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার না করে, প্লাষ্টিকের মোড়ক ব্যবহার করায় ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করেন।

সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হুমায়ন কবিরের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার আইন ২০০০/১০ আওতায়, পুরাতন বাজারের অসিত কুমারকে ১ হাজার টাকা ও এস এল সোহাগকে ৫শ টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকালে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানা পুলিশের একটি দল।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্টিত

গতকাল সকাল ১১ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ এর সামনে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মহান স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এর বীর উত্তম খেতাব বাতিলের অপচেষ্টার প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচন বি এন পির মনোনীত প্রার্থী জনাব শরীফুজ্জামান শরীফ এর নির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা বি এন পির আয়োজনে বিক্ষোভ সমাবেশ অনুষ্টিত হয়।

সকালে নেতাকর্মীরা মিছিল নিয়ে প্রধান সড়কে উপর উঠতে গেলে পুলিশের বাঁধায় বিক্ষোভ মিছিল টি সাহিত্য পরিষদ এর সামনে বিক্ষোভ

সমাবেশ অনুষ্টিত হয়। চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও সদ্য পৌর নির্বাচনে বিএনপির মনোনীত ধানের শীষের প্রার্থী মোঃ সিরাজুল ইসলাম মনি।

প্রধান অতিথি তার বক্তৃতায় বলেন, মহান স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীরউত্তম প্রতীক খেতাব বাতিলের অপচেষ্টা করছে সেটা বাংলাদেশের জনগণ কোন দিন মেনে নেবে না। যে মহান নেতা স্বাধীনতা যুদ্ধে নিজের জীবন এর মায়া ত্যাগ করে অংশ নিয়েছিলেন। সকল অন্যায় অনিয়ম বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে সকল দেশ প্রেমীক জনগণকে।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনয় আরো বক্তব্য রাখেন জেলা বিএনপির সাবেক যুগ্ম-সম্পাদক মাহমুদ হাসান পল্টু, জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, জেলা যুবদলের যুগ্ম-সম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব, সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, ইনতাজ আলী, যুগ্ম-সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা যুবদলের সাবেক আহবায়ক খালিদ মাহমুদ মিল্টন, যুবদল নেতা ও নবনির্বাচিত কাউনসিলর ইমরান মহলদার রিন্টু, আরো উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন,

জেলা যুবদলের অর্থ সম্পাদক মো মমিনুল রহমান মমিন, সহ-সাংগঠনিক সম্পাদক মো: মোখলেছুর রহমান মুকুল, জেলা সে¦চ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত, স্বরাজ, ইসহাক আলী, আলমডাঙ্গা পৌর যুবদলের সদস্য সচিব সাইফুল আলম কনক, রফিকুল ইসলাম, চৌধুরী আলম বাবু, আব্দুর রহিম খান দেলোয়ার জাহান ঝন্টু, জেলা যুবদলের সদস্য নাজমুল হক নাজমুল, হাফিজুল ইসলাম হ্যাপি, চুয়াডাঙ্গা পৌর যুবদলের যুগ্ম-আহবায়ক অপু মালিক, পৌর বিএনপি নেতা মিলন, শাহা আলম, কলম উদ্দিন, চিতলা ইউনিয়ন যুবদলের সাংগঠনিক সম্পাদক বেল্টু বিশ্বাস, আব্দুল, মিল্টন, মানোয়ার, ফরজ, রুবেল, আব্দুল রশীদ,

গাংনী ইউনিয়ন যুবদলের সভাপতি হাসান কাজী, সাধারণ সম্পাদক হাসিবুল, সাংগঠনিক সম্পাদক আব্দুল সামাদ, শংকরচনদ্র ইউনিয়ন বিএনপি নেতা রুহুল কুদ্দুস পচা, জেলা সেচ্ছাসেবক দলের যুগ্ম-সম্পাদক এম এস হাসান, প্রচার সম্পাদক মাবুদ সরকার, অর্থ সম্পাদক

হাবিবুর রহমান রাজিব, সদস্য আবুল কালাম আজাদ, রুবেল হাসান, আব্দুল সামাদ, তুহিন ইসলাম, আবু হেনা, রাজু আহমেদ, জাকির হোসেন, এরশাদ, ইমন, খোকা, সানোয়ার মেম্বার, সাজ্জাদ হোসেন, আলেক, বোরহান, সালাম,

জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক আমানুল্লাহ আমান, চুয়াডাঙ্গা সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব মাহাবুব, পৌর ছাত্রদলের আহবায়ক কৌশিক আহমেদ রানা, সদস্য সচিব মেহেদী হাসান, আলমডাঙ্গা উপজেলা ছাত্রদলের আহবায়ক শুভ, যুগ্ম-আহবায়ক মাহাবুব হাসান মাবুদ, বকুল হোসেন, চিতলা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি রাশিদুল ইসলাম রাশেদুল, চুয়াডাঙ্গা সরকারি কলেজে ছাত্রদলের যুগ্ম-আহবায়ক আরিফুল ইসলাম, আরাফাত মালিতা, মাহাবুব, আবু শামা, রিদয়, হাছান, রিয়াদ, আল আমিন , মেহেদী, সান প্রমুখ।

আলমডাঙ্গায় সরকারি জিকে ক্যানেলের পাড় কেটে ভাটায় মাটি বিক্রয়ের অভিযোগ

আলমডাঙ্গার আরএনবি ভাটার মালিকের বিরুদ্ধের সরকারি জিকে ক্যানেলের পাশ থেকে মাটি কাটার অভিযোগ উঠেছে। বেলগাছি গলাই দড়ি মাঠের মধ্যে সরকারি জিকে ক্যানেলের পাশ থেকে মাটি কেটে ট্রাক্টরে করে নিয়ে যাওয়া হচ্ছে। এর কারণে মাঠের সেচ কাজে ব্যবহৃত পাশ ক্যানেল ক্ষতিগ্রস্ত হচ্ছে। এছাড়াও সদ্য নির্মিত কালভার্ট ভেঙে পড়েছে।

জানাগেছে, আলমডাঙ্গার উপজেলার বেলগাছি ইউনিয়নের গলাই দড়ি মাঠের মধ্যে রবিউল ইসলামের জমিতে পুকুর খনন করা হচ্ছে। পুকুর খননের নামে বেলগাছি গ্রামের শাহিনের যোগসাজসে মাটি তুলে ফরিদপুর গ্রামের আরএনবি ভাটায় বিক্রয় করা হচ্ছে।

মাটি কেটে বিক্রয়ের ফলে আলমডাঙ্গার উপজেলার বৃহৎতম সেচ প্রকল্পের আওতাধীন জিকে ক্যানেলের পাশ ক্যানেলের পাড় ধ্বসে পড়ছে। এ কারণে

শত শত কৃষকের ধানের ক্ষেতে পানি দেওয়ার বিড়ম্বনার শিকার হওয়ার সম্মুখিন হচ্ছে। এছাড়াও, ট্রাক্টর যাতায়াতের কারণে পাশ ক্যানেলে সদ্য নির্মিত কালভার্ট ও গাইড ওয়াল ভেঙ্গে পড়েছে।

এদিকে এলাকাবাসী অভিযোগ করে বলে- গত কয়েক দিন ধরে আলমডাঙ্গার বেলগাছি গলাই দড়ি মাঠ থেকে আরএনবি ভাটার মালিকেরা প্রতিদিন ১০/১৫ টি ট্রাক্টর যোগে মাটি বহন করছে। এ মাটি বহন কারি গাড়ির কবলে জনসাধারণের চলাচলের রাস্তা ব্যাপক ক্ষতির সম্মুখিন হওয়ার পাশাপাশি জীবন ঝুঁকিতে পড়ছে।

ট্রাক্টর গাড়িতে বহনকৃত কাদা মাটি রাস্তায় পড়ায় ঝুকিতে চলছে গাড়ি। ধুলোর শহরে পরিণত হচ্ছে রাস্তা ঘাট।

ডামোশ গ্রামের তারেক, সিদ্দিক, আফজাল, শরিফ, সুমন, বলেন-রাজনৈতিক ক্ষমতার বলে দীর্ঘদিন যাবৎ এভাবে ট্রাক্টর, গাড়ি বেলগাছি ইউনিয়নের ডামোশ, কাশিপুর, কেদারনগর, বেলগাছি, ফরিদপুরসহ বিভিন্ন গ্রামের নিচু মাঠ থেকে পুকুর খননের নামে হাজার হাজার গাড়ি মাটি সংগ্রহ করে। কেউ কিছু বলতে গেলে ক্ষমতার প্রভাব খাটায় ভাটা মালিকেরা।

ফরিদপুর গ্রামের হেলাল, সাফায়েত, আজগার, মফিজ, হিমেল, জানান-আরএনবিসহ আরেকটি ভাটা ফরিদপুর গ্রামের প্রধান সড়কের পাশেই অবস্থিত। এ ভাটা এলাকায় কয়েক শতাধীক বসত বাড়ি, দোকান, মসজিদ, মাদ্রাসাসহ একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত। এ ভাটার গাড়ির কবলে পড়ে অনেক স্কুল ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা দুর্ঘটনার কবলে পড়ে। গাড়ির মাটি রাস্তায় পড়ায় তীব্র ধুলায় পরিণত হয়। রাস্তা দিয়ে যাতায়াতে অযোগ্য হয়ে পড়ে।

এ বিষয়ে বিভিন্ন সময় এলাকাবাসী ভাটার বিরুদ্ধে সোচ্চার হলেও আইন প্রয়োগকারী কর্মকর্তারা মুখ খুলছে না। দীর্ঘদিনের এ ভোগান্তিতে পড়তে হচ্চে তাদের।

এ ঘটনায় আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার ভূমি হুমায়ন কবির বলেন-আমি তো নিজের উদ্যোগে কিছু করতে পারবো না। উপজেলা নির্বাহী অফিসারের নিকট লিখিত অভিযোগ দিলে তার নির্দেশে ব্যবস্থা নিতে পারবো।

উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি বলেন-আমি সরেজমিন তদন্তপূর্বক খোঁজ খবর নিয়ে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

জীবননগর উপজেলায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে এক প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকনের সভাপতিত্বে প্রস্তুতিমূলক আলোচনা সভায় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ওসি (অপারেশন) সুখেন্দু, বীর মুক্তিযোদ্ধা নিজাম উদ্দিন,

বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, সীমান্ত ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিন মঈন, রায়পুর ইউপি চেয়ারম্যান, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ, ডাঃ হেলেনা আক্তার নিপা, সাংবাদিক জাহিদ বাবু, সালাউদ্দিন কাজল, মিঠুন মাহমুদ, জহিরুল ইসলাম, মাজেদুল মিল্টন, উপজেলা শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কর্মচারী ও জনপ্রতিনিধিগণ।

কোটচাঁদপুরে এবার ব্যবসা প্রতিষ্ঠানে দুর্বৃত্তদের

আগুন!

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে এবার দুর্বৃত্তদের দেয়া আগুনে পুড়ল শহরের লিটন এন্টারপ্রাইজ নামের একটি কসমেটিকস দোকান। গত মঙ্গলবার রাত সাড়ে ১০ টার দিকে ওই প্রতিষ্ঠানে আগুন দেয় দুর্বৃত্তরা। আগুনের লেলিহান শিখা জ্বলে উঠার পূর্বেই এক পথচারির নজরে আসে। এ ঘটনায় বড় কোন দুর্ঘটনা না ঘটলেও অল্পের জন্য রক্ষা পেয়েছেন ওই দোকানিসহ আশ-পাশের কয়েকটি দোকান।

খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশসহ ফায়ার সার্ভিস। প্রাথমিকভাবে পুলিশের ধারণা আইন-শৃঙ্খলা পরিস্থিতি উত্তপ্ত করতে একটা মহল এ ধরনের ঘটনা ঘটাচ্ছে। এদিকে দুর্বৃত্তদের চিহ্নিত করতে পুলিশ পাশের একটি দোকানের সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করেছে।

ভুক্তভোগী ব্যবসায়ী মিন্টু সাহা বলেন, প্রতিদিনের মত রাত ১০ টার দিকে দোকান বন্ধ করে বাড়ি যায়। এরপর খবর পায় দোকানে আগুন লেগেছে। আমি আসার আগেই আগুন নিয়ন্ত্রণে আনেন স্থানীয়রা। এ আগুনে আমার দোকানের নতুন কিছু লেদার বক্স পুড়ে যায় । তবে আগুন নিয়ন্ত্রণে না আসলে বড় ধরনের ক্ষতি হয়ে যেত।

সম্প্রতি গেল ২৮ জানুয়ারি থেকে শুরু হয় কোটচাঁদপুর পৌর শহরে আগুন দেয়া ও চুরির ঘটনা। যার অধিকাংশই ঘটেছে পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডে। এরমধ্যে রয়েছে ৫টি বিচালীগাদা ও ৪ টি দোকান ও ১ টি বাড়িতে আগুন দেয়ার ঘটনা।

এরপর গেল ১৩ ফেব্রুয়ারি এক রাতেই ৪ টি দোকানে চুরির ঘটনা ঘটে। যার মধ্যে রয়েছে চৌগাছা বাসস্ট্যান্ডের মুনিয়া ভ্যারাইটিস স্টোর, বাজেবামনদাহ এলাকার খন্দকার স্টোর, হাইস্কুল সড়কের সোনালী প্রেস ও সনি আবাসিক মার্কেটের নীলিমা ইলেকট্রনিক্সে। পুলিশের ধারনা গত মঙ্গলবার রাতে একই চক্র আগুন দিয়েছে শহরের লিটন এন্টারপ্রাইজে। এই ভাবে একের পর এক ঘটনা ঘটলেও হচ্ছে না কোন প্রতিকার। ফলে আতঙ্কে আছেন সাধারণ মানুষসহ ব্যবসায়ীরা।

বিষয়টি নিয়ে কথা হয় কোটচাঁদপুর থানার সেকেন্ড অফিসার আব্দুল মান্নানের সঙ্গে, তিনি বলেন আগুন দেওয়ার ঘটনায় দুর্বৃত্তদের চিহ্নিত করতে একটি সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে পর্যালোচনা করা হচ্ছে। একের পর এক এমন ঘটনার বিষয়ে এই পুলিশ কর্মকর্তা বলেন, একটি গোষ্ঠি পরিস্থিতি উত্তপ্ত করতে এ ধরনের ঘটনা ঘটাচ্ছে।

প্রথম ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড পেলেন কেরু’জ এমডি আবু সাইদ

প্রথম বারের মতো ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাজেশন(এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০১৯ পেলেন কেরু’জ ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাইদ।।

১৫ই ফেব্রয়ারি বেলা ১২ টার সময় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে সনদ ও ট্রফি বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শিল্প মন্ত্রীর উপস্থিতে পদকটি গ্রহণ করেন কেরুর এম ডি মোঃ আবু সাইদ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন এম পি, শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এম পি,

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এফবিসিসিআই এর সভাপতি শেখ ফজলে ফাহিম, বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সচিব কেএম আলী আজম, চিনি ও খাদ্য শিল্পকরপোরেশন চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) আরিফুর রহমান অপু।

এ সময় উপস্থিত ছিলেন। চিনি শিল্প সংস্থার পরিচালক মার্কেটিং ও পরিচালক উৎপাদন প্রকৌশলসহ বিভিন্ন চিনিকলের উর্ধতন কর্মকর্তাগণ। শিল্প মন্ত্রী বলেন কেরু এ্যান্ড কোম্পানীর ঐতিহ্যে অটুট থাকবে আশা করি।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাইদ এর কাছে জানতে চাইলে তিনি বলেন আমি আমার পুরো কর্মজীবনে সবসময়ই সততার সাথে কাজ করছি যার কারণে আল্লাহর রহমত এবং সকলের দোয়ায় আমি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ পেয়েছি এবং ভবিষ্যতে সবসময় সততার সঙ্গে কাজ করে

আলমডাঙ্গায় ট্রাক-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষ, আহত-১

আলমডাঙ্গার বন্ডবিলের নিকট ট্রাক ও মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে হাসান (৩০) নামের ১ব্যক্তি গুরুত্বর আহত হয়েছে। গতকাল বিকাল ৫ টার দিকে বন্ডবিল গেটের নিকট এ দুর্ঘটনার শিকার হন তিনি। এ ঘটনায় স্থানীয়রা উদ্ধার করে হাসানকে স্থানীয় হাসপাতালে ভর্তি করে।

জানাগেছে, আলমডাঙ্গার জোড়গাছা গ্রামের মিনারুল ইসলামের ছেলে হাসান তার বন্ধুর সুজুকি জিকসার মোটরসাইকেল যোগে বন্ডবিলের দিকে যাচ্ছিলো। এ সময় চুয়াডাঙ্গা থেকে দ্রুত গতিতে ছুটে আসা ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। মোটরসাইকেল চালক হাসানসহ গাড়িটি ট্রাকের নিচে চলে যায়।

এতে গাড়ি চালক হাসান গুরুত্বর আহত হয়। স্থানীয়দের সহযোগিতায় তাকে উদ্ধার করে আলমডাঙ্গার একটি ক্লিনিকে ভর্তি করে। আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে যশোর ট-১১-১২৮৩ নম্বর ট্রাক ও মোটরসাইকেল জব্দ করে করে থানায় নিয়ে আসে।